**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/25/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল 250 মিলিয়ন মার্কিন ডলার কোভিড-19 ক্যাপিটাল কস্ট ট্যাক্স ক্রেডিট প্রোগ্রামের জন্য আবেদনের সময়কাল শুরুর ঘোষণা দিয়েছেন

***100 বা তার কম কর্মচারী সম্বলিত ছোট ব্যবসাগুলি কোভিড-19 সুরক্ষা ব্যয় বৃদ্ধির খরচ মেটানোর জন্য ট্যাক্স ক্রেডিট পেতে পারে***

***স্ক্রিনিং টুল পাওয়া যাবে এখানে***

গভর্নর ক্যাথি হোকল ঘোষণা করেছেন যে সেইসকল ছোট ব্যবসা প্রতিষ্ঠানের কাছ থেকে আবেদনগুলি এখন গ্রহণ করা হচ্ছে যারা কোভিড-19 ক্যাপিটাল কস্ট ট্যাক্স ক্রেডিট প্রোগ্রামের জন্য প্রত্যয়িত হওয়ার জন্য সফলভাবে প্রাক-স্ক্রিনিং প্রক্রিয়া সম্পন্ন করেছে, যা কোভিড-১৯ এর প্রতিক্রিয়ায় জননিরাপত্তা বাড়ানোর জন্য জরুরী আদেশ এবং প্রবিধান মেনে চলার জন্য বা জননিরাপত্তা বাড়াতে বিনিয়োগ করেছে এমন কোম্পানিগুলিকে সহায়তা করে।

"যখন মহামারী নিউইয়র্ক স্টেট জুড়ে বেশিরভাগ ছোট ব্যবসা প্রতিষ্ঠানের মূলধনকে ধ্বংস করে দিয়েছিল, আমি প্রথম দিন থেকেই তাদের সাহায্য করার প্রতিশ্রুতি দিয়েছিলাম," **গভর্নর হোকল বলেছিলেন।** "এই ট্যাক্স ক্রেডিট নিউ ইয়র্কের ছোট ব্যবসা প্রতিষ্ঠানের জন্য একটি গুরুত্বপূর্ণ লাইফলাইন হবে - আমাদের স্টেটের অর্থনীতির মেরুদণ্ড - এবং আমি এই অত্যন্ত প্রয়োজনীয় সহায়তার জন্য আবেদন করতে আগ্রহী সবাইকে উৎসাহিত করি।"

ছোট ব্যবসা প্রতিষ্ঠানের জন্য স্টেটের সমর্থন বাড়ানোর জন্য গভর্নর হোকলের প্রথম নির্বাহী বাজেটের অংশ হিসেবে ঘোষণা করা হয়েছে এবং পরবর্তীতে FY23 কার্যকরী বাজেটে অন্তর্ভুক্ত করা হয়েছে, এই নতুন ফেরতযোগ্য ট্যাক্স রিলিফ প্রোগ্রামটি 2021 এবং 2022 সালে সংক্রামক রোগ প্রশমনের জন্য কোভিড-19-সংক্রান্ত ব্যয়কে লক্ষ্য করে প্রণীত। যোগ্য কোভিড-19-সম্পর্কিত খরচের মধে আছে, কিন্তু তাতেই সীমাবদ্ধ নয়:

- জীবাণুমুক্ত বা কোভিড-19 সংক্রমণ থেকে রক্ষা করার জন্য সরঞ্জাম
- সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য স্থান সম্প্রসারণ বা সংজ্ঞায়িত করার সাথে সম্পর্কিত খরচ

- HVAC সরঞ্জাম
- বর্ধিত বহিরঙ্গন কার্যকলাপ এবং বহিরঙ্গন স্থান সম্প্রসারণ সম্পর্কিত ব্যয়
- সংস্পর্শ বিহীন বিক্রয়ের সুবিধার্থে যন্ত্রপাতি এবং সরঞ্জাম

ট্যাক্স ক্রেডিটগুলি 50,000 মার্কিন ডলার পর্যন্ত উপযুক্ত খরচের 50 শতাংশ কভার করবে, সর্বাধিক 25,000 মার্কিন ডলার ট্যাক্স ক্রেডিট প্রদান করা হবে এবং প্রোগ্রামের তহবিল শেষ না হওয়া পর্যন্ত ক্রেডিটগুলি আগে আসলে আগে পাবেন ভিত্তিতে প্রদান করা হবে। উপযুক্ত ব্যবসাগুলিকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেটে একটি অবস্থান থেকে পরিচালিত হতে হবে, 100 বা তার কম কর্মী থাকতে হবে, 2021 কর বছরে 2.5 মিলিয়ন মার্কিন ডলার বা তার কম মোট রসিদ এবং 1 জানুয়ারি, 2021 এবং 31 ডিসেম্বর, 2022-এর মধ্যে উপযুক্ত ব্যয়ের ক্ষেত্রে কমপক্ষে 2,000 মার্কিন ডলার থাকতে হবে।

31 মার্চ, 2023 তারিখের মধ্যে আবেদনগুলো গ্রহণ করা হবে। তাদের 2022 সালের ট্যাক্স রিটার্নের জন্য ট্যাক্স ক্রেডিট দাবি করতে, 31 ডিসেম্বর, 2022 বা তার আগে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (ESD) থেকে ট্যাক্স ক্রেডিট সার্টিফিকেট পাওয়ার জন্য ব্যবসাগুলিকে শীঘ্রই আবেদন করতে হবে। 1 জানুয়ারি, 2023 বা তার পরে ইস্যু করা ট্যাক্স ক্রেডিটগুলি ব্যবসা প্রতিষ্ঠানের 2023 ট্যাক্স রিটার্নে দাবি করা যেতে পারে। যোগ্যতা এবং উপযুক্ততা ব্যয় সম্পর্কে আরও জানতে, www.esd.ny.gov/covid-19-capital-costs-tax-credit দেখুন। ESD ব্যবসায়িক অ্যাপ্লিকেশন স্ক্রিন করতে, খরচ যাচাই করতে এবং প্রোগ্রামের জন্য ক্রেডিট বিতরণ করতে ফরওয়ার্ড প্ল্যাটফর্মের সাথে চুক্তি করেছে।

কোভিড-19 ক্যাপিটাল কস্ট ট্যাক্স ক্রেডিট হল মহামারী দ্বারা প্রভাবিত ছোট ব্যবসা প্রতিষ্ঠানগুলিকে সহায়তা করার জন্য গভর্নর হোকলের মিশনের অংশ। গভর্নর হোকলের প্রথম বাজেটে ছোট ব্যবসা পুনরুদ্ধারের জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি লক্ষ্য রাখা হয়েছে, যার মধ্যে রয়েছে 250 মিলিয়ন মার্কিন ডলার কোভিড-19 মূলধন খরচ ট্যাক্স ক্রেডিট, 800 মিলিয়ন মার্কিন ডলার মহামারী থেকে ছোট ব্যবসা পুনরুদ্ধার অনুদান কর্মসূচি এবং দেশের ইতিহাসে প্রথম 200 মিলিয়ন মার্কিন ডলার সীড তহবিল অনুদান কর্মসূচি প্রাথমিক পর্যায়ে সেইসকল ক্ষুদ্র ও ছোট ব্যবসাগুলিকে সমর্থন করার জন্য যা কোভিড-19 মহামারীর কিছুদিন আগে বা চলাকালীন সময় খোলা হয়েছিল।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, সিইও এবং কমিশনার হোপ নাইট বলেছেন,** "তাদের নিজেদের কোনো দোষ ছাড়াই, মহামারী চলাকালীন স্টেট জুড়ে ছোট ব্যবসাগুলিকে অনেক খরচ বহন করতে হয়েছে যা তাদের কর্মচারী এবং গ্রাহকদের নিরাপদ রাখতে প্রয়োজনীয় ছিল, কিন্তু সেটি প্রত্যাশিত বা বাজেট ছিলনা। গভর্নর হোকলের নেতৃত্বে, কোভিড-19 ক্যাপিটাল কস্ট ট্যাক্স ক্রেডিট প্রোগ্রাম মহামারী চলাকালীন ব্যবসায়ী কমিউনিটির উপর যে বোঝা চেপেছিল তা কমাতে সাহায্য করবে এবং এটিকে স্থিরভাবে নিজের পায়ে ফিরে যেতে সহায়তা করবে।"

ছোট ব্যবসা প্রতিষ্ঠানের জন্য স্টেটের সমর্থন বাড়ানোর জন্য গভর্নর হোকলের প্রথম নির্বাহী বাজেটের অংশ হিসেবে ঘোষণা করা হয়েছে এবং পরবর্তীতে FY23 কার্যকরী বাজেটে অন্তর্ভুক্ত করা হয়েছে, এই নতুন ফেরতযোগ্য ট্যাক্স রিলিফ প্রোগ্রামটি 2021 এবং 2022 সালে সংক্রামক রোগ প্রশমনের জন্য কোভিড-19-সংক্রান্ত ব্যয়কে লক্ষ্য করে প্রণীত। যোগ্য কোভিড-19-সম্পর্কিত খরচের মধ্যে আছে, কিন্তু তাতেই সীমাবদ্ধ নয়:

- জীবাণুমুক্ত বা কোভিড-19 সংক্রমণ থেকে রক্ষা করার জন্য সরঞ্জাম
- সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য স্থান সম্প্রসারণ বা সংজ্ঞায়িত করার সাথে সম্পর্কিত খরচ
- HVAC সরঞ্জাম
- বর্ধিত বহিরঙ্গন কার্যকলাপ এবং বহিরঙ্গন স্থান সম্প্রসারণ সম্পর্কিত ব্যয়
- সংস্পর্শ বিহীন বিক্রয়ের সুবিধার্থে যন্ত্রপাতি এবং সরঞ্জাম

ট্যাক্স ক্রেডিটগুলি 50,000 মার্কিন ডলার পর্যন্ত উপযুক্ত খরচের 50 শতাংশ কভার করবে, সর্বাধিক 25,000 মার্কিন ডলার ট্যাক্স ক্রেডিট প্রদান করা হবে এবং প্রোগ্রামের তহবিল শেষ না হওয়া পর্যন্ত ক্রেডিটগুলি আগে আসলে আগে পাবেন ভিত্তিতে প্রদান করা হবে। উপযুক্ত ব্যবসাগুলিকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেটে একটি অবস্থান থেকে পরিচালিত হতে হবে, 100 বা তার কম কর্মী থাকতে হবে, 2021 কর বছরে 2.5 মিলিয়ন মার্কিন ডলার বা তার কম মোট রসিদ এবং 1 জানুয়ারি, 2021 এবং 31 ডিসেম্বর, 2022-এর মধ্যে উপযুক্ত ব্যয়ের ক্ষেত্রে কমপক্ষে 2,000 মার্কিন ডলার থাকতে হবে।

31 মার্চ, 2023 তারিখের মধ্যে আবেদনগুলো গ্রহণ করা হবে। তাদের 2022 সালের ট্যাক্স রিটার্নের জন্য ট্যাক্স ক্রেডিট দাবি করতে, 31 ডিসেম্বর, 2022 বা তার আগে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (ESD) থেকে ট্যাক্স ক্রেডিট সার্টিফিকেট পাওয়ার জন্য ব্যবসাগুলিকে শীঘ্রই আবেদন করতে হবে। 1 জানুয়ারি, 2023 বা তার পরে ইস্যু করা ট্যাক্স ক্রেডিটগুলি ব্যবসা প্রতিষ্ঠানের 2023 ট্যাক্স রিটার্নে দাবি করা যেতে পারে। যোগ্যতা এবং উপযুক্ততা ব্যয় সম্পর্কে আরও জানতে, www.esd.ny.gov/covid-19-capital-costs-tax-credit দেখুন। ESD ব্যবসায়িক অ্যাপ্লিকেশন স্ক্রিন করতে, খরচ যাচাই করতে এবং প্রোগ্রামের জন্য ক্রেডিট বিতরণ করতে ফরওয়ার্ড প্ল্যাটফর্মের সাথে চুক্তি করেছে।

কোভিড-19 ক্যাপিটাল কস্ট ট্যাক্স ক্রেডিট হল মহামারী দ্বারা প্রভাবিত ছোট ব্যবসা প্রতিষ্ঠানগুলিকে সহায়তা করার জন্য গভর্নর হোকলের মিশনের অংশ। গভর্নর হোকলের প্রথম বাজেটে ছোট ব্যবসা পুনরুদ্ধারের জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি লক্ষ্য রাখা হয়েছে, যার মধ্যে রয়েছে 250 মিলিয়ন মার্কিন ডলার কোভিড-19 মূলধন খরচ ট্যাক্স ক্রেডিট, 800 মিলিয়ন মার্কিন ডলার মহামারী থেকে ছোট ব্যবসা পুনরুদ্ধার অনুদান কর্মসূচি এবং দেশের ইতিহাসে প্রথম 200 মিলিয়ন মার্কিন ডলার সীড তহবিল অনুদান কর্মসূচি প্রাথমিক পর্যায়ে সেইসকল ক্ষুদ্র ও ছোট ব্যবসাগুলিকে সমর্থন করার জন্য যা কোভিড-19 মহামারীর কিছুদিন আগে বা চলাকালীন সময় খোলা হয়েছিল।

**স্টেটের সিনেটর আনা এম. কাপলান বলেছেন,** "মহামারী চলাকালীন নিরাপদে পুনরায় খোলার জন্য ছোট ব্যবসা প্রতিষ্ঠানগুলিকে উল্লেখযোগ্য খরচ করতে হয়েছিল এবং সেই খরচগুলি ক্রমাগত বাড়তে থাকায় তাদের আমাদের সহায়তা আগের চেয়ে বেশি প্রয়োজন। আমি কোভিড-19 ক্যাপিটাল কস্ট ট্যাক্স ক্রেডিট প্রোগ্রাম স্পনসর করতে পেরে গর্বিত, যা ছোট ব্যবসা প্রতিষ্ঠানের মালিকদের নিরাপদে থাকতে এবং খোলা থাকার জন্য আর্থিক প্রভাবগুলিকে কমিয়ে আনতে সাহায্য করবে এবং আমি প্রত্যেক ছোট ব্যবসা প্রতিষ্ঠানের মালিককে তারা যোগ্য কিনা তা খুঁজে বের করার জন্য উৎসাহিত করে দেরি না করে অনুদানের জন্য আবেদন করুন।"

**অ্যাসেম্বলি সদস্য আল স্টির্পে বলেছেন,** "অ্যাসেম্বলি স্মল বিজনেস কমিটির চেয়ারম্যান হিসাবে, স্থানীয় উদ্যোক্তাদের যে কোনও উপায়ে সহায়তা করা আমার অগ্রাধিকার হিসাবে রয়ে গেছে কারণ আমি জানি যে আশার বাতি জ্বালিয়ে রাখতে সুদীর্ঘ্যকালব্যাপী উৎসর্গ প্রয়োজন। NYS-এ সমস্ত ব্যবসা প্রতিষ্ঠানের 98% জন্য ছোট ব্যবসা প্রতিষ্ঠান, এবং সেই মালিকরা কর্মশক্তির 53% নিযুক্ত করে। এগুলি আমাদের অর্থনৈতিক ইঞ্জিনের জ্বালানী এবং আমাদের অবশ্যই অপ্রত্যাশিত সুরক্ষা খরচ হিসাবে তাদের সমর্থন করা চালিয়ে যেতে হবে, যার মধ্যে আউটডোর পরিষেবার এলাকা থেকে শুরু করে নতুন HVAC সিস্টেম পর্যন্ত সবকিছু অন্তর্ভুক্ত রয়েছে, তাদের কঠোরভাবে আঘাত করেছে। যেহেতু তারা আমাদের কমিউনিটি সেবা করার জন্য আত্মত্যাগ করেছে আমাদের অবশ্যই তাদের মহামারী থেকে সম্পূর্ণ পুনরুদ্ধার করতে সহায়তা করতে হবে। কোভিড-19 ক্যাপিটাল কস্টস ট্যাক্স ক্রেডিট প্রোগ্রাম অ্যাপ্লিকেশনের উদ্বোধন হল সেই সহায়তা যা ছোট ব্যবসা প্রতিষ্ঠানের মালিকরা NYS থেকে আশা করে। আসুন সবাই কাজে ফিরে যাই!"

**ফরওয়ার্ড প্ল্যাটফর্ম পরিচিতি**

ফরওয়ার্ড প্ল্যাটফর্ম হল পুরো আমেরিকা জুড়ে স্টেট এবং স্থানীয় সরকারগুলির জন্য নেতৃস্থানীয় ব্যাপক ইন্টিগ্রেটেড প্রোগ্রাম অ্যাডমিনিস্ট্রেশন (IPA) সমাধান। ফরওয়ার্ড সমস্ত প্রয়োজনীয় পরিষেবা, উপাদান, মানুষ এবং প্রযুক্তিকে একক, সুবিন্যস্ত, সুরক্ষিত সমাধানে একীভূত করে প্রোগ্রাম পরিচালনার জন্য সরকারের দৃষ্টিভঙ্গিকে আধুনিকীকরণ করে। অ্যাপ্লিকেশন ব্যাক-এন্ড সেট আপ, কমিউনিটির প্রচার, বিপণন, একাধিক ভাষায় সমর্থন, যোগ্যতা স্ক্রীনিং, জালিয়াতি সনাক্তকরণ, এবং বিতরণ, রিপোর্টিং পর্যন্ত। ফরওয়ার্ড প্ল্যাটফর্ম বর্জ্য, জালিয়াতি এবং প্রশাসনিক খরচ কমানোর সাথে সাথে আগের চেয়ে দ্রুততার সাথে সংস্থানসমূহ বিতরণ করে। ফরওয়ার্ড ইতোমধ্যেই পরিবার এবং ব্যবসায় দ্রুত, সাশ্রয়ী এবং নিরাপদে সংস্থান পেতে কয়েক ডজন প্রোগ্রাম পরিচালনা করতে সরকারকে সাহায্য করেছে। আরো জানতে www.forwardplatform.com দেখুন।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে**

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট হল নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক বিকাশ এজেন্সি। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট

এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও নিউ ইয়র্কের রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলস (New York State Regional Economic Development Councils) এবং "আমি নিউ ইয়র্ককে ভালোবাসি" ("I LOVE NEW YORK"), যা এই স্টেটের সব চেয়ে আদর্শ ভ্রমণ ব্যবস্থার ব্র্যান্ডের বিপণন তত্ত্বাবধান করার প্রাথমিক প্রশাসনিক এজেন্সি হল এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD)। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.regionalcouncils.ny.gov ও www.esd.ny.gov দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418